# Model Activity Task 2022 January

## Class 6| Bengali | Part-1

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২১| জানুয়ারী

## ষষ্ঠ শ্রেণী | বাংলা | পার্ট –১ |

## পূর্ণমান- ২০

**১. ঠিক উত্তরটি বেঁছে লেখ**

**১.১ খোলের মধ্যে বোঝাই করা রয়েছে –**

(ক) ধান (খ) আলু (গ) গম **(ঘ) শুকনো খড়ের আঁটি**

**১.২ নদীর ধারে রয়েছে—**

(ক) অশ্বত্থ গাছ **(খ) একটি বড় নৌকা** (গ) রাখাল (ঘ) পথিক

**১.৩ কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর একটি কাব্যগ্রন্থ হল—**

**(ক) নীল নির্জন** (খ) যেতে পারি কিন্তু কেন যাব (গ) প্রান্তরেখা (ঘ) ছড়ানো ঘুঁটি

**২ নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও**

**২.১ 'ভরদুপুরে' শব্দটির অর্থ কি?**

উঃ 'ভরদুপুরে' শব্দটির অর্থ হল দুপুরের মধ্যভাগ।

**২.২ 'ভরদুপুরে' কবিতায় রাখালবালক গাছের তলায় শুয়ে শুয়ে কি দেখেছ?**

উঃ 'ভরদুপুরে' কবিতায় রাখালবালক গাছের তলায় শুয়ে শুয়ে আকাশে ভেসে যাওয়া মেঘগুলিকে দেখছে।

**২.৩ 'ভরদুপুরে' কবিতায় বর্ণিত 'গালচে' টি কী দিয়ে প্রস্তুত?**

উঃ 'ভরদুপুরে' কবিতায় বর্ণিত 'গালচে' টি ঘাস দিয়ে প্রস্তুত

**৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও**

**৩.১ 'ভরদুপুরে' কবিতায় 'অশ্বত্থ' গাছটিকে 'পথিকজনের ছাতা' বলা হয়েছে কেন?**

উঃ অশ্বথ গাছ প্রখর গরমে শীতল ছায়া দান করে, যার ছায়ায় ক্লান্ত পথিক আশ্রয় নেয়। তাই একে পথিকজনের ছাতা বলা হয়েছে।

**৩.২'ভরদুপুরে' কবিতায় নদীর ধারের চিত্রটি কীভাবে উপস্থাপিত হয়েছে?**

উঃ ‘ভরদুপুরে’ কবিতায় কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তী মাঝদুপুরের গ্রামের পাশের নদীর চিত্রটি সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন।নদীর ধারে কাদের যেন একটি বড় নৌকা বাধা রয়েছে এবং তার খোলের মধ্যে শুকনো খড়ের আঁটি বোঝাই করা আছে।

**৩.৩ ‘আঁচল পেতে বিশ্বভুবন/ঘুমাচ্ছে এইখানে’। -- কবির মনে এমন অনুভূতি জেগেছে কেন?**

উঃনিঃঝুম দুপুরে গ্রাম বাংলার সবাই যে যার ঘরে ঘুমে মগ্ন। চারিদিকে কেউ কোথাও নেই।বাতাসে সাদা মিহি ধুলো উড়ছে।শুনশান নিস্তব্ধ দুপুরে তাই কবির প্রকৃতিকে দেখে মনে হচ্ছে বিশ্বমাতা তার আঁচল পেতে নদীর ধারের শান্ত গ্রামটিতে ঘুমাচ্ছে।

## ৪ নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখোঃ

**‘ভরদুপুরে’ কবিতায় গ্রামবাংলার যে অলস দুপুরের ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।**

উঃ কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তী গ্রাম বাংলার অলস দুপুরের ছবিটি নিপুন ভাবে ফুটিয়ে তুলেছেন। দুপুর বেলায় ক্লান্ত রাখাল অশ্বত্থ গাছের নীচের ঘাসের বিছানায় শুয়ে আকাশের মেঘগুলিকে দেখছে আর গরুবাছুর পাহারা দিচ্ছে। খোলের মধ্যে খড় বোঝাই করে মালিকহীন নৌকা একলা নদীর ধারে পড়ে আছে।বাতাস সাদা ধুলো উড়াচ্ছে, সবাই যে যার ঘরে দিবানিদ্রায় মগ্ন। নিচিন্ত, নিঃঝুম দুপুরে প্রকৃতিও তার আঁচল বিছিয়ে ঘুমিয়ে পড়েছে গ্রামের কোলে।